# শাপলা চত্বরের হত্যাকাণ্ড দেশের ইতিহাসে নজিরবিহীন: চিফ প্রসিকিউটর



চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম বলেছেন, শাপলা চত্বরে যে হত্যাকাণ্ড ঘটেছে, দেশের ইতিহাসে এর মতো ভয়াবহ ও বর্বর হামলার ঘটনা আগে ঘটেছে বলে আমার জানা নাই।

সোমবার (২৭ জুলাই) এক প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন।

আমিনুল ইসলাম বলেন, তৎকালীন সরকার হেফাজতে ইসলামকে দমন ও নির্মূল করতে পরিকল্পিতভাবে ওই অভিযান চালিয়েছিল। কিছু ব্লগার, অ্যাক্টিভিস্ট ও বামপন্থি ব্যক্তির প্রভাবেই হেফাজতে ইসলামের বিরুদ্ধে এমন পদক্ষেপ নেওয়া হয়েছিল বলে দাবি করেন তিনি। ওই পরিকল্পনার অংশ হিসেবেই শাপলা চত্বরে ভয়াবহ হামলা ও হত্যাযজ্ঞ চালানো হয়।

তিনি বলেন, ২০১৩ সালের পর তৎকালীন সরকার এই ঘটনার কোনো তদন্ত করেনি। হেফাজতে ইসলামের পক্ষ থেকে একাধিকবার চেষ্টা করা হলেও তখনকার সরকারের সময়ে তারা এ হত্যাকাণ্ডের তদন্ত বা বিচার পায়নি।

LENS ASIA

এদিকে, শাপলা চত্বর হত্যাকাণ্ডের মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক সেনাপ্রধান আজিজ আহমেদ, সাবেক আইজিপি শহিদুল হক ও বেনজীর আহমেদসহ ৪১ জনের বিরুদ্ধে আনা আনুষ্ঠানিক অভিযোগ আমলে নিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। একই মামলায় পলাতক ৩৩ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানাও জারি করা হয়েছে।